রামিসা হত্যা মামলায় দায় স্বীকার প্রধান আসামির



ছবি: সংগৃহীত

রাজধানীর পল্লবীতে সাত বছরের শিশু রামিসা আক্তারকে ধর্ষণ ও হত্যার ঘটনায় গ্রেফতার প্রধান আসামি সোহেল রানা আদালতে দায় স্বীকার করে জবানবন্দি দিয়েছেন। পরে আদালতের নির্দেশে তাকে কারাগারে পাঠানো হয়।

বুধবার (২০ মে) পল্লবী থানা পুলিশ জানায়, হত্যাকাণ্ডের কয়েক ঘণ্টার মধ্যেই অভিযান চালিয়ে প্রধান আসামি সোহেল রানা এবং তার সহযোগী স্বপ্না আক্তারকে গ্রেফতার করা হয়েছে।

পুলিশ সূত্রে জানা গেছে, তথ্যপ্রযুক্তির সহায়তায় প্রথমে স্বপ্না আক্তারকে আটক করা হয়। পরে নারায়ণগঞ্জের ফতুল্লা এলাকা থেকে সোহেল রানাকে গ্রেফতার করা হয়।

এর আগে মঙ্গলবার (১৯ মে) সকালে পল্লবী এলাকায় দ্বিতীয় শ্রেণির শিক্ষার্থী রামিসার মরদেহ উদ্ধার করা হয়। প্রাথমিক তদন্তে শিশুটিকে গলা কেটে হত্যা করা হয়েছে বলে জানিয়েছে পুলিশ।

LENS ASIA